



## পশ্চিমবঙ্গ সরকার কৃষি অধিকার

বিজ্ঞপ্তি নং 23/PLB(Dte)/KB(DB)/18-19 তারিখ ২৪/০১/২০১৯

পশ্চিমবঙ্গ সরকার এই রাজ্যের কৃষকদের সর্বাঙ্গীন উন্নতির জন্য সর্বদাই সচেষ্ট। এটা লক্ষ্য করা গেছে যে কৃষক পরিবারের একমাত্র উপার্জনক্ষম কর্তা দুর্ভাগ্যজনকভাবে মারা গেলে ঐ পরিবারটি আর্থিক ভাবে দুর্বল হয়ে পড়ে। এই ধরনের কৃষক পরিবারগুলির দুঃসময়ে পাশে দাঁড়াবার জন্য কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার তাদের বিজ্ঞপ্তি নং 2352/AG/O/COORD তারিখ ২২/০১/২০১৯ মোতাবেক ‘কৃষকবন্ধু প্রকল্প (মৃত্যু জনিত সহায়তা) ২০১৯’ চালু করেছে।

এই প্রকল্পের মাধ্যমে মৃত কৃষকের মনোনীত ব্যক্তি বা যথাযথ দাবীদার/গন নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত কর্তৃপক্ষের (মৃত কৃষকের স্নকের সহ কৃষি অধিকর্তা) কাছে আবেদন করলে এককালীন মোট দুই লক্ষ টাকা সহায়তা রাশি হিসাবে পাবেন।

এই প্রকল্প ১লা জানুয়ারী ২০১৯ থেকে শুরু হয়েছে।

এই প্রকল্পের সহায়তা পাবার জন্য নিম্নলিখিত নথি সহ নির্ধারিত ফর্ম পূরণ করে স্নকের সহ কৃষি অধিকর্তা র কাছে আবেদন করতে হবে।

- ১) আমার / আমাদের বিস্তারিত বিবরণ (অনুবন্ধ-১)।
- ২) মৃত কৃষকের পরিচয়পত্রের প্রত্যয়িত অনুলিপি (ভোটার কার্ড /আধার কার্ড / ড্রাইভিং লাইসেন্স/ প্যান কার্ড/ পাসপোর্ট ইত্যাদি)।
- ৩) মৃত কৃষকের মৃত্যুর শংসাপত্রের প্রত্যয়িত অনুলিপি।
- ৪) ‘কৃষক বন্ধু (নিশ্চিত আয়)’ প্রকল্পে নিবন্ধীকৃত কৃষকের ক্ষেত্রে মৃত কৃষকের ‘কৃষক বন্ধু’ কার্ড এর প্রত্যয়িত অনুলিপি  
বা  
অ-নিবন্ধীকৃত মৃত কৃষকের ক্ষেত্রে সমষ্টি উন্নয়ন আধিকারিক দ্বারা জারি করা যথাযথ দাবীদার শংসাপত্র (অনুবন্ধ-৩)।
- ৫) অ-নিবন্ধীকৃত কৃষকের ক্ষেত্রে মৃত কৃষকের জমির খতিয়ানের প্রত্যয়িত অনুলিপি।
- ৬) আবেদক (গণ) -এর স্বঘোষণা পত্র (অনুবন্ধ-২)।
- ৭) নাবালক আবেদনকারীর ক্ষেত্রে স্বাভাবিক / আইনসম্মত আভিভাবক এর ঘোষণাপত্র।

আবেদনপত্র বিনামূল্যে [www.matirkatha.gov.in](http://www.matirkatha.gov.in) এই website থেকে ডাউনলোড করা যাবে।

এ বিষয়ে আরও বিশদে জানতে জেলা/ মহকুমা/ব্লক স্তরের কৃষি অফিসে যোগাযোগ করতে পারেন।

কৃষি অধিকর্তা ও পদাধিকার বলে সচিব  
কৃষি বিভাগ  
পশ্চিমবঙ্গ সরকার